



সন্তানের সুস্থ ভবিষ্যতের জন্য ঢাকা পরিচ্ছন্ন রাখুন: প্রধানমন্ত্রী



প্রধানমন্ত্রী তারেক রহমান। ছবি: সংগৃহীত

ঢাকাকে পরিচ্ছন্ন, স্বাস্থ্যকর ও বাসযোগ্য নগরী হিসেবে গড়ে তুলতে সিটি করপোরেশনের কর্মকর্তা-কর্মচারীদের আন্তরিকতার সঙ্গে দায়িত্ব পালনের আহ্বান জানিয়েছেন প্রধানমন্ত্রী তারেক রহমান।

সোমবার (১৯ অক্টোবর) ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনের (ডিএসসিসি) নগর ভবন পরিদর্শনকালে কর্মকর্তা-কর্মচারীদের সঙ্গে মতবিনিময় সভায় তিনি এ আহ্বান জানান। প্রধানমন্ত্রী বলেন, সন্তানদের সুস্থভাবে বেড়ে ওঠার জন্য পরিচ্ছন্ন পরিবেশ প্রয়োজন। তারা শুধু বাড়ির আশপাশে নয়, স্কুল, কলেজ ও খেলার মাঠসহ নগরীর বিভিন্ন স্থানে যাতায়াত করে। তাই নিজের সন্তানের কথা বিবেচনা করেও পুরো শহর পরিচ্ছন্ন রাখার চেষ্টা করতে হবে।

তিনি বলেন, আবর্জনা ও অপরিচ্ছন্নতা ঢাকার বড় সমস্যা। এক দিনে এর সমাধান সম্ভব নয়, তবে আন্তরিক প্রচেষ্টা অব্যাহত থাকলে পরিস্থিতির উন্নতি করা যাবে।

কর্মকর্তা-কর্মচারীদের দায়িত্বশীল হওয়ার আহ্বান জানিয়ে তারেক রহমান বলেন, সমস্যাগুলো চিহ্নিত করে সমাধানে উদ্যোগী হতে হবে। পাশাপাশি নিজেদের কাজের মূল্যায়ন করে দায়িত্ব কতটা যথাযথভাবে পালন করা হচ্ছে, তা নিয়ে আত্মসমালোচনা করতে হবে।